মেহেরপুর জেলা ব্যাডমিন্টনে হরিরামপুর ও চকশ্যামনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত ছেলেদের ব্যাডমিন্টন এককে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল রবিবার বিকালে অনুষ্ঠিত ব্যাডমিন্টন এককের ফাইনালে হরিপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০ শালিকা মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন দ্বৈতে চক শ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-১ সেটে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

এদিকে একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন একক বালিকায় চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

ব্যাডমিন্টন একক বালিকাই চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-০ সেটে আর আর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে। এদিকে ব্যাডমিন্টন বালিকা দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০সেটে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

খেলা শেষে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আনাজ আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামাল।

বক্তব্য রাখেন জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, ক্রীড়া শিক্ষক আব্দুল কুদ্দুস, ইসরাফিল হোসেন, আখতারুজ্জামান, ফোরকান আলী, জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলার মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে রাজস্ব সম্মেলনে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: ইবাদত হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মো: তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান,

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওসমান গনি, সহকারী কমিশনার রকিবুল ইসলাম প্রমুখ।
সবাই সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে সকলকে সজাগ থাকার জন্য আহ্বান জানানো হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর সরকারি গণগ্রন্থাগারে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগার এর উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে শিশুদের রচনা প্রতিযোগিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর গণগ্রন্থাগার মিলনায়তনে অনুষ্ঠিত

হয়। মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক সেলিনা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো: ইবাদত হোসেন। এতে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন।

বাড়িবাকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন।

বক্তব্য রাখেন সহকারী গণগ্রন্থাগারের সহকারী লাইব্রেরীয়ান এমদাদুল হক।
পরে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার। বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

এসএসসি পরীক্ষায় সিসি ক্যামেরার ব্যবহার শীর্ষক সভা

মেহেরপুরের গাংনীতে আসন্ন এসএসসি পরীক্ষায় সিসি ক্যামেরার ব্যবহার সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রোববার বিকাল ৩ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলানয়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, সহ-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, একাডেমিক সুপার ভাইজার আব্দুল্লাহ আল মাছুম, প্রধান শিক্ষক ও শিক্ষক নেতা সৈয়দ জাকির হোসেন, গাংনী প্রেসক্লাবের সভাপতি রমজান আলীসহ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রধান শিক্ষকবৃন্দ।

এবারের প্রতিপাদ্য বিষয় ছিল “নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশকে গড়ে তুলি” সভায় এসএসসি পরীক্ষা কেন্দ্রগুলোকে

সিসি ক্যামেরায় আনাসহ পরীক্ষার্থীদের বিভিন্ন অবৈধ কার্যকলাপ ও অপরাধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

শিক্ষকদের মধ্য থেকে আলোচনায় অংশগ্রহণ করেন, করমদি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ আলম, আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হাসান আল নুরানী, হাড়াভাঙ্গা ডিএইচ দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট আব্দুর রাজ্জাক, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর করিম, বাওট আদর্শ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান সংগ্রাম, গাংনী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগারে টয় ব্রিকস কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগার এর উদ্যোগে গণগ্রন্থাগার মিলনায়তনে টয় ব্রিকসের উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার সকালে টয় ব্রিকস কার্যক্রমের উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক মাহমুদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল-আমিন, বাড়ি বাঁকা সীমান্তে মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী, সরকারি গণগ্রন্থাগারে সহকারী লাইব্রেরীয়ান এমদাদুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের কাজিপুর সীমান্ত থেকে ভারতীয় মদ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত ফাঁড়ি বিজেবি ভারতীয় মদ উদ্ধার করেছে।
গতকাল রবিবার ভোরের দিকে কাজিপুর সীমান্ত বিজিবির একটি টহল দল টহল থাকাকালীন অবস্থায় কাজিপুর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৩২ বোতল ভারতীয় মদ উদ্ধার করে।

কাজিপুর সীমান্ত ফাঁড়ির নায়েক সুবেদার আবুল হোসেন বলেন আমাদের একটি টহলদল কাজিপুর এলাকায় টহল থাকা অবস্থায় পরিত্যক্ত অবস্থায় মদ গুলো উদ্ধার করে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পাকা রাস্তা নির্মাণে ব্যাপক অনিয়ম

মেহেরপুরের গাংনী পৌর সভার শিশিরপাড়া থেকে বাঁশবাড়িয়া পর্যন্ত নতুন রাস্তা নির্মাণে ব্যাপক অনিয়ম করে যাচ্ছে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স রোমান এন্টাপ্রাইজ।

তাদের এ অনিয়মের অভিযোগ তুলে প্রথমে এর প্রতিকার চেয়ে এলাকাবাসি কাজ বন্ধ করে দেয়।পরে জেলা এলজিইডির কর্মকর্তার আশ্বাসে পূনরায় কাজ করতে দেয় এলাকাবাসি। কাজ শুরুর একদিন পর আবারও নিম্নমানের ইটের খোয়া দিয়ে রাস্তা নির্মাণ শুরু করে ঠিকাদারি প্রতিষ্ঠান।

কাজের অনিয়মের বিষয়ে জানতে চাইলে ঠিকাদারি প্রতিষ্ঠানের লোকজন নিম্ন মানের ইটের কথা স্বীকার করে বলেন এখন কোন জায়াগায় ভাল ইট

পাওয়া যাচ্ছেনা তাই নিম্ন মানের ইটের সাথে যতটুকু পারা যায় ভাল ইট মিশিয়ে কাজ করা হচ্ছে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন ভাল ইট না পাওয়া গেলে যে নিম্ন মানের ইট দিয়ে কাজ করতে হবে এমন কোন বাধ্যবাধকতা নেই।

তারপরও দ্রুত কাজ শেষ করার জন্য নিম্ন মানের ইট ব্যবহার করা হচ্ছে।

১১৪০ মিটার দৈর্ঘ্য ও ৩ মিটার প্রস্থ্য এ রাস্তার কাজে ব্যায় ধরা হয়েছে প্রায় ৫৩ লক্ষ টাকা।

রবিবার বিকেলে স্থানীয়রা রাস্তার কাজের অসস্তুষ্ট হয়ে ক্ষোভ প্রকাশ করলে গাংনী পৌরসভার প্রকৌশলী জামিরুল ইসলাম ঘটনাস্থলে আসেন।

তিনি নিম্ন মানের ইট সরিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিলেও তারা তার কথা অগ্রাহ্য করে নিম্ন মানের ইট দিয়ে কাজ চালিয়ে যান।

সাংবাদিকদের তিনি জানান, রাস্তা নির্মাণে যে মানের মালামাল ব্যবহার করার নির্দেশ দেওয়া আছে সেইভাবেই কাজ করতে হবে এখানে কোন প্রকার অজুহাত চলবেনা।

নির্দেশ না মানতে পারলে কাজ বন্ধ করে দেওয়া হবে।
এসময় তিনি কাজ বন্ধ রাখার জন্য বললেও সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান তার কথায় কোন প্রকার কর্ষপাত করেননি।

এদিকে নি¤œমানের কাজের বিষয়ে স্থানীয় কয়েকজন সাংবাদিকদের মাধ্যমে বলেন এভাবে যদি নিম্ন মানের কাজ চলতে থাকে তাহলে আমরা উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানিয়ে এর প্রতিকার চাইব তারপরও যদি কাজ ভালভাবে না হয় তাহলে কাজ বন্ধ করে দিতে বাধ্য হব।

স্থানীয়রা আরও জানান ঐ এলাকার কিছু প্রভাবশালী নেতা বর্গকে হাত করে ঠিকাদারের লোকজন নিম্ন মানের মালামাল দিয়ে কাজ করে যাচ্ছেন।

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন যুবলীগের সম্মেলনের কারণে ঢাকায় আসায় তারা সুযোগ কাজে লাগিয়ে নিম্ন মানের মালামাল দিয়ে কাজ করছে এমন কথা শুনে কাজ বন্থের নির্দেশ দেওয়া হয়েছে।

যতক্ষণ ভাল মালামাল দিয়ে কাজ করবেনা ততক্ষণ কাজ বন্ধ রাখা হবে রাস্তার কাজে কোনভাবেই অনিয়ম সহ্য করা হবেনা।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে ফেন্সডিলসহ সেলিম আটক

মেহেরপুরে ৫ বোতল ফেন্সিডিলসহ সেলিম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার রাত ৯ টার দিকে মেহেরপুর শহরের তাহের ক্লিনিক এর পিছন থেকে তাকে আটক করা হয়।

আটক সেলিম শহরের নতুন শেখ পাড়ার বাবু শেখে এর ছেলে।

এ বিষয়ে নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ডিবি পুলিশের হাতে ১০গ্রাম হেরোইন সহ নাজমুল ও মানিক নামের দুই মাদক ব্যবসয়ী আটক হয়েছে।

রবিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামের বাজার থেকে তাদের আটক করা হয়।

আটক নাজমুল ইসলাম ও মানিক মিয়া আমদহ গ্রামের নজর আলী ও সিরাজুল ইসলামের ছেলে।

আসামীদ্বয়ের বিরুদ্ধে মেহেরপুর থানায় একাধিক মাদক মামলা রয়েছে। এ বিষয়ে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।

আমঝুপিতে গ্রাম পুলিশ মহাসচিব এম এ আলিম এর মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল

মেহেরপুরে বাংলাদেশ গ্রাম পুলিশ কর্মচারী ইউনিয়নের মহাসচিব এম এ আলিম এর মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সদর উপজেলা আমঝুপি নীলকুঠি প্রাঙ্গণে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বাংলাদেশ গ্রাম পুলিশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে মহাসচিব এম এ আলিম ও মেহেরপুর জেলার প্রয়াত সকল গ্রাম পুলিশ সদস্যদের বিদেয়ী আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

এ সময় বাংলাদেশ গ্রাম পুলিশ মেহেরপুর জেলা শাখার সভাপতি মো. মনিরুল ইসলাম, সহ-সভাপতি বজলুর রহমানসহ জেলার সকল ইউনিয়নের গ্রাম পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি